দৈনিক সংবাদ

তারিখ 26 MAR 1995
পৃষ্ঠা ৩ কলাম ৫

255

# ছাত্রীদের অভিযোগ উদ্দেশ্যমূলকভাবে শো'কজ করা হয়েছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কুয়েত মৈত্রী হলের শো'কজপ্রাপ্ত ১১ জন ছাত্রীর পক্ষ থেকে বলা হয়েছে, হলের দীর্ঘদিনের পানি সমস্যা সমাধানের জন্য তারা গত ২২শে মার্চ রাতে বিক্ষোভ প্রদর্শন করেন। এ বিক্ষোভের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্প্রতি উদ্দেশ্যমূলকভাবে ছাত্রী হলের আইন পরিবর্তনের দাবিতে চলতে থাকা আন্দোলনের ১১ জন নেত্রীর নামে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে।

শো'কজ ঃ পৃঃ ২ কঃ ৩

## শো'কজ ঃ উদ্দেশ্যমূলকভাবে

(১ম পৃষ্ঠার পর)

ছাত্রীরা জানিয়েছে, পানি সমস্যা আমাদের জীবন-মরণ সমস্যা। এ সমস্যা নিয়ে মৈত্রী হলের প্রতিটি ছাত্রী বিক্ষোভ দেখিয়েছে। অথচ সম্পূর্ণ উদ্দেশ্যমূলকভাবে ১১ জন ছাত্রীর বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে। তারা অবিলম্বে কারণ দর্শানোর নোটিশ প্রত্যাহার করার দাবি জানিয়েছে। কুয়েত মৈত্রী হলের ২৭০ জন আবাসিক ছাত্রীও অপর এক বিবৃতিতে কারণ দর্শাও নোটিশ প্রত্যাহারের দাবি জানিয়েছে।

গতকাল বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কার্যালয়ে শো'কজপ্রাপ্ত ছাত্রীদের পক্ষ থেকে তাদের বক্তব্য উপস্থাপন করেন ফজিলা খানম জোৎসা ও বদরুন্নেসা খুকু।